





১৯.১ অধিবেশন # ১.৮ - যোগাযোগ ও সম্পর্ক উন্নয়ন

পাঠ পরিকল্পনা ১.৮ - যোগাযোগ ও সম্পর্ক উন্নয়ন

অধিবেশন # ১.৮-যোগাযোগ ও সম্পর্ক উন্নয়ন		সময়: ৬০ মিনিট			
 <p>এই অধিবেশন শেষে অংশগ্রহণকারীগণ</p> <ul style="list-style-type: none"> সঠিক/কার্যকরী যোগাযোগ কী, যোগাযোগের ক্ষেত্রে বাধাগুলো কী তা চিহ্নিত করতে সক্ষম হবেন। চিহ্নিত বাধাগুলো দূর করে কিভাবে অন্যের সঙ্গে সুন্দর সম্পর্ক স্থাপন করা যায় তা বর্ণনা করতে সক্ষম হবেন। কর্মী-নিয়োগকর্তার মধ্যে যোগাযোগ প্রক্রিয়া চিহ্নিত করতে সক্ষম হবেন  <p>অনুবিষয়</p> <ul style="list-style-type: none"> কার্যকরী যোগাযোগ কী যোগাযোগের ক্ষেত্রে বাধাসমূহ কর্মী-নিয়োগকর্তা যোগাযোগ  <p>অধিবেশন ট্যাগলাইন</p> <p>যোগাযোগের ধাপ অনুসরণ করব সম্পর্কের উন্নয়ন ঘটাব</p>	 <p>অধিবেশন লোগো</p>				
#	অধিবেশন পরিচালনা প্রক্রিয়া	পদ্ধতি	মাধ্যম/দৃশ্যায়ন/ উপকরণ	সময়	
ভূমিকা					
১.	<p>১.১ অংশগ্রহণকারীদের স্বাগত জানান এবং প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য শুভেচ্ছা বিনিময় করুন।</p> <p>১.২ প্রশিক্ষণার্থীদের কাছে জানতে চান, যোগাযোগ ও সম্পর্ক উন্নয়ন বলতে আমরা কী বুঝি? সকলের উত্তর শুনুন কী।</p> <p>১.৩ অধিবেশন লোগোর সঙ্গে সঙ্গতি রেখে মূল আলোচনার সূত্রপাত করুন ও অধিবেশনের উদ্দেশ্য ব্যাখ্যা করুন।</p>	বক্তৃতা আলোচনা, প্রশ্ন উত্তর	অধিবেশনের উদ্দেশ্য, ছবি/চিহ্ন ও সেশন ট্যাগলাইন লেখা পাওয়ার পয়েন্ট/পোস্টার	০৫ মিনিট	
মূল বিষয়বস্তু					
২.	<p>অনুশীলন বা চর্চা</p> <p>১.১ সহায়ক অংশগ্রহণকারীদের পরপর দাঁড়াতে বলবেন, একদম শেষের অংশগ্রহণকারীকে সহায়ক নিজের দিকে ঘুরিয়ে নিয়ে একটি ৩০/৩৫ সেকেন্ডের অভিনয় করে দেখাবেন, অভিনয়টি হতে পারে কাপড় কাচার জন্য ডিটারজেন্ট নেয়া থেকে শুরু করে কাপড় ধোয়া, পানি চিপে ফেলে দেয়া, কাপড় নেড়ে দেওয়া ও তারের সঙ্গে ক্লিপ আটকানো।</p> <p>১.২ অভিনয় শেষ হওয়ার পর শেষের অংশগ্রহণকারী তার সামনের অংশগ্রহণকারীকে তার দিকে ঘুরতে বলবেন ও একই অভিনয় করতে বলবেন, এই অভিনয়টি প্রত্যেক অংশগ্রহণকারী তার সামনের অংশগ্রহণকারীকে নিজের দিকে ঘুরে করে দেখাবেন। সহায়ক খেয়াল রাখবেন যেনো অভিনয় চলাকালীন সামনের অংশগ্রহণকারীরা পিছনে ফিরে না তাকায়।</p> <p>১.৩ শেষ অংশগ্রহণকারী অভিনয়টি সবার সামনে করে দেখাবেন, অভিনয়টি কিছুটা বিকৃত হয়ে যাবে, এবার সহায়ক প্রথম অংশগ্রহণকারীকে অভিনয়টি পুনরায় করে দেখাতে বলবেন।</p>	অংশগ্রহণমূলক খেলা, বক্তৃতা আলোচনা, প্রশ্ন উত্তর	হ্যান্ডআউট ১.৮	৩০ মিনিট	

অধিবেশন # ১.৮-যোগাযোগ ও সম্পর্ক উন্নয়ন		সময়: ৬০ মিনিট		
<p>১.৪ এই সূত্র ধরে সহায়ক যোগাযোগের ধারণার সূত্রপাত করবেন, অভিনয় থেকে যোগাযোগের উপাদানসমূহ যেমন - প্রেরক, বার্তা, মাধ্যম, প্রাপক ও ফিডব্যাক আলোচনা করুন।</p> <p>১.৫ গৃহকর্মে আমাদের যোগাযোগ করার দরকার হয় কিনা প্রশ্ন করুন, গৃহকর্মে সঠিক যোগাযোগ না হলে কী কী সমস্যা হতে পারে তাও আলোচনা করুন।</p> <p>সহায়ক নিচের ঘটনাটি রোল প্লে এর মাধ্যমে উপস্থাপন করাবেন।</p> <p>১.৬ মালেক ১৪ বছর বয়সী ছেলে। সৎ মায়ের অত্যাচারে টিকতে না পেরে ময়মনসিংহ থেকে ট্রেনে চড়ে ঢাকায় কমলাপুর স্টেশনে নেমেছে। কিন্তু সে কোথায় থাকবে, কী করবে কিছুই জানে না। হাঁটতে হাঁটতে স্টেশনে থেকে বেরিয়ে সে একটি খাবারের হোটেলের সামনে দাঁড়িয়েছে। ভাবছে, হোটেল মালিককে কাজ দেওয়ার জন্য অনুরোধ করবে। হোটেল তখন অনেক খরিদার। লোক গিজগিজ করছে। মালেক মালিককে একটি কাজ দেওয়ার জন্য খুবই অনুনয় করে বলল। কিন্তু মালিক খুব রাগের স্বরে তাকে দূর হতে বলল। মালেক মনে কষ্ট নিয়ে দোকান থেকে সরে এলো। সে ভাবল, ভিড় কমলে সে আবার মালিককে অনুরোধ করবে। অনেকক্ষণ পর যখন লোকের ভিড় কমছে তখন সে মালিকের কাছে গিয়ে খুবই বিনয়ের সঙ্গে কান্নার স্বরে তার কষ্টের কথা বলল। মালিকের মনে এবার তার জন্য দয়া হল এবং সে মালেককে হোটেলের কাজ দিল।</p> <p>১.৭ এরপর সহায়ক উপরোক্ত রোলপ্লে বিশ্লেষণ করবেন। কার্যকরী যোগাযোগের বাধাগুলো কী তা চিহ্নিত করা হবে এবং বোর্ডে তা লিখে রাখবেন। কীভাবে তা উন্নয়ন করা যায় এবং ভাল সম্পর্ক তৈরি হয় সে বিষয়ে সহায়ক আলোচনার মাধ্যমে জানবেন এবং বোর্ডে তা লিখবেন। সহায়ক কার্যকরী যোগাযোগের বিভিন্ন উপায়গুলো ব্যাখ্যা করবেন এবং তার গুরুত্ব উপস্থাপন করবেন।</p> <p>১.৮ কার্যকরী যোগাযোগের মাধ্যমে আমাদের জীবনে কীভাবে সমস্যার সমাধান করা যায় এবং সুন্দর সম্পর্ক উন্নয়ন করা যায় সে বিষয়ে বক্তব্য দিয়ে সকলকে সেশনে অংশগ্রহণের জন্য ধন্যবাদ জানিয়ে সেশনের সমাপ্তি টানবেন।</p> <p>সঠিক যোগাযোগ</p> <p>১.৯ অংশগ্রহণকারীদের বলবেন কোনো কাজ করার সময় সঠিক যোগাযোগ না হলে সঠিক ফলাফল আসে না।</p> <p>১.১০ সহায়ক বলবেন 'সঠিক যোগাযোগ হচ্ছে নিজের মনের ভাব অন্যের কাছে সঠিকভাবে প্রকাশ করা'। যেমন: যে পড়া জানে না তাকে চিঠি দিয়ে মনের ভাব প্রকাশ করতে গেলে সে কিছুই বুঝতে পারবে না। অন্যের সঙ্গে যোগাযোগের সময় বিশেষ করে মনের ভাব প্রকাশের সময় আমাদের শারীরিক অঙ্গভঙ্গি যেমন হাত পায়ে নড়াচড়া, মুখের আকার-ইঙ্গিত, শব্দের ব্যবহার ইত্যাদি লক্ষ্য রাখতে হবে। একই ভাবে যখন অন্য কেউ কথা বলবে তখন মনোযোগ দিয়ে অন্যের কথা শুনতে হবে।</p>	<p>ভূমিকা অভিনয়</p> <p>বক্তৃতা আলোচনা, প্রশ্ন উত্তর, মুক্তচিত্তার ঝড়, ভূমিকা অভিনয়</p>	২০ মিনিট		
উপসংহার				
৩.	<p>পর্যালোচনা ও মূল্যায়ন</p> <p>৩.১ অংশগ্রহণকারীদের আলোচ্য অধিবেশনের ট্যাগলাইনগুলো পড়ে শোনান। সকল অংশগ্রহণকারীসহ ট্যাগলাইনগুলো উচ্চস্বরে বলুন ও অংশগ্রহণকারীদের মনে রাখতে বলুন।</p> <p>৩.২ অংশগ্রহণকারীদের কারো কোনো প্রশ্ন থাকলে উত্তর দিন।</p>	মৌখিক প্রশ্ন	সেশন ট্যাগলাইন লেখা পাওয়ার পয়েন্ট/পোস্টার	০৫ মিনিট

অধিবেশন # ১.৮-যোগাযোগ ও সম্পর্ক উন্নয়ন		সময়: ৬০ মিনিট	
	৩.৩ সবাইকে সুন্দরভাবে অংশগ্রহণের জন্য ধন্যবাদ জানান। ৩.৪ পরবর্তী অধিবেশনে অংশগ্রহণের আহ্বান জানিয়ে অধিবেশন শেষ করুন।		